গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**

১৫, কলেজ রোড, ঢাকা।

www. jati.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং ১০.০৬.০০০০.০০১.৬২.০৩২.২৫.২৪৩৩

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | বুক সর্টার | ০১ টি | টাকা ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | অফিস সহায়ক | ০১টি | টাকা ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে আগামী ৩০/৯/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) প্রদত্ত 'চাকরির আবেদন ফরম' শীর্ষক ফরম অথবা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.jati.gov.bd হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যবহার করে আবেদন করতে হবে।

২। প্রার্থীর বয়সসীমা ৩০/৯/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ ১৮ (আঠারো) হতে ৩২ (বত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে প্রমাণক হিসেবে এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। চাকরিরত প্রার্থীগণকে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও আবেদপত্র সম্বলিত খামের উপর প্রার্থীর নাম, আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ ৯.৫"×৪.৫" সাইজের ১টি ফেরত খাম আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৫। আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত কাগজপত্রের ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর অনুকূলে দাখিল করতে হবে।

৭। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৮। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি চাকরির নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/০৯/২০২৫

এ. ই. এম. ইসমাইল হোসেন
পরিচালক (প্রশাসন)
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

D:\Deputy Director (Admin)\Appointment-2025\বিজ্ঞপ্তি.docx